



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০

mail: nupr1992@gmail.com

১৭ সেপ্টেম্বর, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত শিক্ষার্থীদের আর্থিক সহায়তা দিবে জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে তালিকা পাঠাতে নির্দেশ প্রদান করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ এর সভাপতিত্বে গত ৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরী সভায় সর্বসম্মত সিদ্ধান্তক্রমে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে নিহত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় থেকে আর্থিক সহায়তা প্রদানের এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এ ধারাবাহিকতায় নিহত শিক্ষার্থীদের বিস্তারিত তথ্য চেয়ে গত ১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বিশ্ববিদ্যালয়ের কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর থেকে সংশ্লিষ্ট সকল কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানে এ সংক্রান্ত চিঠি প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ ও শিক্ষাপ্রতিষ্ঠানে স্নাতক (পাস), স্নাতক (সম্মান), স্নাতকোত্তর ও প্রফেশনাল কোর্সে অধ্যয়নরত অবস্থায় ২০২৪-এর জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে যে সকল শিক্ষার্থী শহীদ হয়েছেন তাদের তালিকা স্ব স্ব কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ের ছক অনুযায়ী তথ্য ও ঘটনা যাচাই করে অনলাইনে (<http://www.nubd.info/college/login.php>) ২৬ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে পাঠাতে হবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd) থেকে পাওয়া যাবে।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়